

# আইনি সহায়তা সংক্রান্ত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আপনি যে তথ্যটি খুঁজছেন তা যদি এই পৃষ্ঠায় না থাকে, বা আপনার যদি অন্য কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে [coronial.response@justice.govt.nz](mailto:coronial.response@justice.govt.nz) এ ইমেইল করে বা 0800 88 88 20 নম্বরে ফোন করে করোনিয়াল পরিষেবার সাথে যোগাযোগ করুন।

এই পৃষ্ঠায়, আপনি বিচার মন্ত্রক দ্বারা অর্থায়িত আইনজীবীদের থেকে আইনি সহায়তায় স্থানান্তর সম্পর্কে কিছু প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ)'র উত্তর পাবেন।

## আইনি সহায়তা কী?

আইনি সহায়তা হল আইনি সাহায্য এবং প্রতিনিধিত্বের জন্য অর্থ প্রদানের জন্য সরকারী অর্থায়ন, সাধারণত এমন লোকেদের জন্য যাদের আইনজীবী রাখার সামর্থ্য নেই। আইনি সহায়তা লিগ্যাল সার্ভিসেস অ্যাক্ট 2011-এর অধীনে প্রদান করা হয়। আইনজীবী এখনো আপনার জন্যই কাজ করবে, তবে সরকার তাদের জন্য অর্থ প্রদান করবে।

আইনি সহায়তা বিচার মন্ত্রক থেকে স্বাধীন। শুধু মন্ত্রক দ্বারা পূর্বে অর্থপ্রাপ্ত আইনজীবীদেরই নয়, আপনার প্রতিনিধিত্ব করার জন্য আপনি যেকোনো আইনি সহায়তার আইনজীবীকে বেছে নিতে পারেন।

## কারা আইনি সহায়তা পাওয়ার যোগ্য?

সংস্থাগুলো ছাড়া ইনকোয়ারির সমস্ত আগ্রহী পক্ষগুলি ইনকোয়ারির সময় আইনি সহায়তার জন্য আবেদন করার যোগ্য।

## যেসব সংস্থাগুলো আগ্রহী পক্ষ তারা কি আইনি সহায়তা পেতে সক্ষম?

না।

লিগ্যাল সার্ভিসেস অ্যাক্ট 2011-এর অধীনে, আইনি সহায়তা শুধুমাত্র ব্যক্তিদের জন্য উপলব্ধ।

## আইনি সহায়তা কি বিনামূল্যে?

শহীদদের পরিবার, গুলিবিদ্ধ আহত ভিকটিম বা মসজিদে উপস্থিত প্রত্যক্ষদর্শীদের বিনামূল্যে আইনি সহায়তা দেওয়া হয়।

অন্যান্য স্বতন্ত্র আগ্রহী পক্ষগুলোকে আইনি সহায়তার কিছু পরিমাণ অর্থ ফেরত দিতে হতে পারে। এটি আপনার আর্থিক অবস্থার উপর নির্ভর করবে।

## করোনিয়াল তদন্তের জন্য আইনি প্রতিনিধিত্ব এখন আইনি সহায়তা দ্বারা কেন অর্থায়িত হচ্ছে?

লিগ্যাল সার্ভিসেস অ্যাক্ট 2011-এর অধীনে, এই তদন্তের শুনানি শুরু না হওয়া পর্যন্ত আইনি সহায়তা উপলব্ধ ছিল না।

**আমি কি মন্ত্রক দ্বারা অর্থায়িত আমার বর্তমান আইনজীবী ব্যবহার করতে পারি এবং এটি কি এখনও বিনামূল্যে হবে?**

হ্যাঁ।

**আমি যদি মন্ত্রক দ্বারা অর্থায়িত আমার আইনজীবীকে ব্যবহার করা চালিয়ে যেতে চাই তাহলে কি আমাকে কিছু করতে হবে?**

না।

আপনার আইনজীবী আপনার সাথে যোগাযোগ করবেন এবং আপনি আইনি সহায়তার মাধ্যমে তাদের আপনাকে প্রতিনিধিত্ব করা চালিয়ে যেতে চান কিনা তা যাচাই করবেন। আপনি যদি সম্মত হন তবে তারা এটি আয়োজন করতে আইনি সহায়তা পরিষেবার সাথে যোগাযোগ করবেন। আপনাকে তাদের কিছু অতিরিক্ত তথ্য সরবরাহ করতে হতে পারে যেমন আপনার যোগাযোগের বিশদ।

**আমি যদি আইনজীবী পরিবর্তন করতে চাই তাহলে কী হবে?**

আপনি যে আইনজীবীকে আপনার প্রতিনিধিত্ব করতে চান তাকে খুঁজে নিয়ে যোগাযোগ করতে হবে এবং এই মামলার জন্য আইনি সহায়তার জন্য আবেদন করার বিষয়ে তাদের সাথে কথা বলতে হবে। আপনি যাচাই করে নিলে ভালো হবে যে সেই আইনজীবী একজন অনুমোদিত আইনি সহায়তার আইনজীবী।

**আমি কোথায় একজন আইনি সহায়তা অনুমোদিত আইনজীবী পেতে পারি?**

আপনি নিচের টুলটি ব্যবহার করে আপনার এলাকায় আইনি সহায়তা অনুমোদিত আইনজীবী খুঁজে পেতে পারেন:

<https://www2.justice.govt.nz/find-a-legal-aid-lawyer/>

বর্তমানে ক্রাইস্টচার্চের সমস্ত অনুমোদিত আইনজীবীদের একটি তালিকা [এখানে পাওয়া যাবে](#)।

**আমি কি এমন একজন আইনজীবীকে ব্যবহার করতে পারি যিনি একজন অনুমোদিত আইনি সহায়তা আইনজীবী নন?**

হ্যাঁ।

তবে, আপনার হয়ে আইনি সহায়তার জন্য আবেদন করার আগে সেই আইনজীবীকে আইনি সহায়তা অনুমোদন প্রক্রিয়ার সম্পন্ন করতে হবে। অন্যথায়, আপনাকে নিজের আইনজীবীকে অর্থ প্রদান করতে হতে পারে।

আপনি যদি আইনি সহায়তা অনুমোদিত আইনজীবী ব্যবহার না করার সিদ্ধান্ত নেন, তাহলে আপনি নিউজিল্যান্ড আইন সমিতির ওয়েবসাইট, <https://www.lawsociety.org.nz/for-the-public/get-legal-help> ব্যবহার করে আপনার এলাকায় একজন আইনজীবী খুঁজে পেতে পারেন।

## **আমি কীভাবে আইনি সহায়তা পেতে পারি?**

আপনার আইনজীবী আইনি সহায়তার জন্য আবেদন করতে সাহায্য করতে পারেন।

## **আমার কি একজন আইনজীবী লাগবে?**

এই ইনকোয়ারির জন্য আপনার আইনজীবীর প্রয়োজন নাও হতে পারে, তবে আপনার একজন আইনজীবী থাকলে সেটি সহায়ক হবে। একজন আইনজীবী নিশ্চিত করতে পারেন যে আপনি ইনকোয়ারিতে প্রতিনিধিত্ব পাচ্ছেন এবং প্রক্রিয়াটির প্রতিটি পর্যায়ে আপনাকে সাহায্য করতে পারেন।

## **আমি কীভাবে জানব যে আমি আইনি সহায়তা পেয়েছি কিনা?**

আপনি আইনি সহায়তা পরিষেবা থেকে একটি চিঠি পাবেন। এই চিঠিতে আপনি আরও তথ্য পাবেন।